রেজিস্ট্রার এর কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩, বাংলাদেশ।

Office of the Registrar
Khulna University of Engineering & Technology
Khulna-9203, Bangladesh

স্মারক নং/খুপ্রবি/ ৪৪৯৫

তারিখ ০৭.০৬.২০২২

## আইন উপদেষ্টা (এডভোকেট) তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাধীনে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন আইনগত বিষয়ে মতামত গ্রহণ এবং খুলনা জেলা ও দায়রা জজ আদালতে মামলা পরিচালনার জন্য একজন আইন উপদেষ্টা (এডভোকেট) তালিকাভুক্তির উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। আবেদনকারীকে খুলনা জেলা ও দায়রা জজ আদালতে দেওয়ানী ও ফৌজদারী মামলা পরিচালনায় একাধারে ১৫ বৎসর আইন ব্যবসা পরিচালনা করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানে Panel Lawyer হিসেবে নিযুক্তি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২। আবেদনকারী এডভোকেটকে তালিকাভুক্ত হতে নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান চেম্বারের ঠিকানা, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা (বার কাউন্সিলের সনদ, আইনজীবী হিসেবে খুলনা আইনজীবী সমিতিতে যোগদানের তারিখসহ আইনজীবী সমিতির সনদ) এবং যাবতীয় যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা, জাতীয়তা, মোবাইল ফোন নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ৭ (সাত) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩ বরাবর-এ আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৩০০/- টাকার ডি.ডি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র আগামী ২৮/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩বরাবর-এ অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আইন উপদেষ্টা (এডভোকেট) হিসেবে আবেদনকারী কে প্রতিটি আইনগত পরামর্শ/আইনী মতামত প্রদানের জন্য পরামর্শ ফি-এর পরিমাণ আবেদন পত্রে সুস্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৪। আবেদনকারী বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত আইনজীবী হিসেবে মামলা পরিচালনা করার সময় (ক) লিগ্যাল নোটিশ প্রদান (খ) আরজি/জবাব প্রস্তুতকরণ (গ) হাজিরা (ঘ) মামলা শুনানী (অন্যান্য যদি থাকে) ইত্যাদি কাজের জন্য পৃথক পৃথক ভাবে পরামর্শ/পেশাগত ফি-এর পরিমাণ আবেদনপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৫। সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সনদপত্র প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৬। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।

৭। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। অত্র বিজ্ঞপ্তি রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩-এর ওয়েব সাইট www.kuet.ac.bd ঠিকানায় দেখা যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

07/06/2022
(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/ ৪৪৯৫/৫০ তারিখ: ০৭.০৬.২০২২

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
২। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৩। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। কম্পট্রোলার, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল দপ্তর প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সভাপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন, শাহবাগ, ঢাকা-১০০০ (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন এর সকল বিজ্ঞ সদস্যগণের মাঝে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৭। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন, শাহবাগ, ঢাকা-১০০০ (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন এর সকল বিজ্ঞ সদস্যগণের মাঝে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ০২ টি জাতীয় ও ০১ টি আঞ্চলিক পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
১১। সংরক্ষণ নথি।

07.06.2022
(এস. এম. সাইফুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (লিগ্যাল)

Phone : +8802477732971 (Registrar), Fax : +8802477733303
PABX : +8802477733351-70, Ext.: 113, E-mail : registrar@kuet.ac.bd, web : www.kuet.ac.bd

রেজিস্ট্রার এর কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩, বাংলাদেশ।

Office of the Registrar
Khulna University of Engineering & Technology
Khulna-9203, Bangladesh

স্মারক নং/খুপ্রবি/ ৪৪৭৭........

তারিখ ০৭.০৬.২০২২

# আইন উপদেষ্টা (এডভোকেট) তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাধীনে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন আইনগত বিষয়ে মতামত গ্রহণ ও বাংলাদেশ সুপ্রীমকোর্টে মামলা পরিচালনার জন্য একজন আইন উপদেষ্টা (এডভোকেট) তালিকাভুক্তির উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। বাংলাদেশের সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে একাধারে ১৮ বৎসর আইন ব্যবসা পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীগণ আইন উপদেষ্টা (এডভোকেট) পদে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন। কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানে Panel Lawyer হিসেবে নিযুক্তি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২। আবেদনকারী এডভোকেটকে তালিকাভুক্ত হতে নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা ও বর্তমান চেম্বারের ঠিকানা, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার সনদপত্র (বার কাউন্সিলের আইনজীবি হিসেবে তালিকাভুক্তির সনদ, আইনজীবী হিসেবে বাংলাদেশ সুপ্রিমকোর্ট আইনজীবি সমিতিতে যোগদানের আইনজীবী সমিতির সনদ) অভিজ্ঞতা, জাতীয়তা, মোবাইল ফোন নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ৭ (সাত) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩ বরাবর-এ আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৩০০/- টাকার ডি.ডি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র আগামী ২৮/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩ বরাবর-এ অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আইন উপদেষ্টা (এডভোকেট) হিসেবে আবেদনকারী কে প্রতিটি আইনগত পরামর্শ/আইনী মতামত প্রদানের জন্য পরামর্শ ফি-এর পরিমাণ আবেদন পত্রে সুস্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৪। আবেদনকারী বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত আইনজীবী হিসেবে মামলা পরিচালনা করার সময় (ক) লিগ্যাল নোটিশ প্রদান (খ) আরজি/জবাব প্রস্তুতকরণ (গ) হাজিরা (ঘ) মামলা শুনানী (অন্যান্য যদি থাকে) ইত্যাদি কাজের জন্য পৃথক পৃথক ভাবে পরামর্শ/পেশাগত ফি-এর পরিমাণ আবেদনপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৫। সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সনদপত্র প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৬। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।

৭। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। অত্র বিজ্ঞপ্তি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর ওয়েব সাইট www.kuet.ac.bd ঠিকানায় দেখা যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

AKBhuiyan
07/06/2022
(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/ ৪৪৭৭/২০ তারিখ: ০৭.০৬.২০২২

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
২। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৩। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। কম্পট্রোলার, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল দপ্তর প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সভাপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন, শাহবাগ, ঢাকা-১০০০ (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন এর সকল বিজ্ঞ সদস্যগণের মাঝে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৭। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন, শাহবাগ, ঢাকা-১০০০ (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশন এর সকল বিজ্ঞ সদস্যগণের মাঝে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ০২ টি জাতীয় ও ০১ টি আঞ্চলিক পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
১১। সংরক্ষণ নথি।

07.06.2022
(এস. এম. সাইফুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (লিগ্যাল)

Phone : +8802477732971 (Registrar), Fax : +8802477733303
PABX : +8802477733351-70, Ext.: 113, E-mail : registrar@kuet.ac.bd, web : www.kuet.ac.bd